যুগান্তর

তারিখ ... 29 MAR 2017
পৃষ্ঠা ...২৬... কলাম ...৫...

ঢাবিতে সন্তোষজনক ফল

# ২৫ শিক্ষার্থীর বৃত্তি লাভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

লেখাপড়ায় সন্তোষজনক অগ্রগতির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের ২৫ মেধাবী শিক্ষার্থী বৃত্তি লাভ করেছেন। এর মধ্যে ২০ জনকে 'গভর্নর বৃত্তি' এবং ৫ জনকে 'অধ্যাপক আসাদুজ্জামান স্মারক বৃত্তি' প্রদান করা হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবনের মোজাফ্ফর আহমদ চৌধুরী মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে বৃত্তিপ্রাপ্তদের হাতে চেক তুলে দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান ফাউন্ডেশন এ অনুষ্ঠানের আয়োজন করে। ফাউন্ডেশনের চেয়ারম্যান অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. আতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। 'অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান স্মারক বক্তৃতা' প্রদান করেন ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান। স্বাগত বক্তব্য দেন ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ। অধ্যাপক আসাদুজ্জামান স্মারক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন— মো. আকলাসুর রহমান, মো. জুয়েল রানা, মেহেদী হাসান হৃদয়, রাবেয়া আদুবিয়া শেফা এবং বখতিয়ার সিদ্দিক সাজিদ।

গভর্নর বৃত্তিপ্রাপ্তরা হলেন— বাবলী সরকার, মোহাম্মদ ফয়সাল, শেখ দিদার হোসেন, খন্দকার সুরাইয়া আকতার, মো. ইসমাইল, আরিফুল ইসলাম, উজ্জ্বল বাইন, জোনাথন চাম্বুগং, হাবিবুর রহমান, মাহমুদা আক্তার মলি, মো. আকলাসুর রহমান, মো. জুয়েল রানা, আসমাউল হুসনা পিংকি, মো. মাহমুদ-উল-হাসান, মো. নাজমুল হুদা, খাদিজা খাতুন চাঁদনী, আবু মুসা, সুমাইয়া তাহিরা, ফারিহা ফিরোজ এবং মো. ফারুক হোসেন।